

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১১-২৩০

তারিখঃ ২/৩.০১.২০১১

আদেশ

যেহেতু, ডাঃ ইনায়েত উল্লাহ (১২০৯৪২), সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভূয়াপুর, টাংগাইল)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "কিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩.০১.২০১১ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

একনে, যেহেতু, ডাঃ ইনায়েত উল্লাহ (১২০৯৪২), সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা -এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ১ম ও ২য় কারণ-দর্শনো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন ও ব্যক্তিগত শুনানীতে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হলো।

গত ১৮.০৯.২০১০ হতে ২৩.০১.২০১১ তারিখ পর্যন্ত অনুপস্থিতির জন্য তাঁর উক্ত দিনগুলোর বেতন কর্তন করার আদেশ প্রদান করা হলো এবং এতদ্বারা তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।


(এ কে এম কামর হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১১-২৩০/১২)

তারিখঃ ২/৩.০১.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(অবিলম্বে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁকে উল্লিখিত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়ে পূহিত বেতন সরকারী কোষাগারে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হলো)
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৬। সিভিল সার্জন, টাংগাইল
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূয়াপুর, টাংগাইল
- ৯। ডাঃ ইনায়েত উল্লাহ (১২০৯৪২), সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১১-১৬৯

তারিখঃ ১৬.১০.১৪১৮
২০.১০.২০১১

আদেশ


যেহেতু ডাঃ মোঃ মতিউর রহমান (৩২৭৯৯), প্রাক্তন পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক এর কার্যালয় রংপুর-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

একগুণে যেহেতু, ডাঃ মোঃ মতিউর রহমান (৩২৭৯৯), প্রাক্তন পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক এর কার্যালয় রংপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনাতে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হলো।


(মুহম্মাদ হুমায়ুন কবির)
সচিব


উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১১-১৬৯/০(৭)

তারিখঃ ২০.১০.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-২/প্রশাসন-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। ডাঃ মোঃ মতিউর রহমান (৩২৭৯৯), প্রাক্তন পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক এর কার্যালয় রংপুর (স্বাস্থ্য ঠিকানা-গ্রাম-সিংহভাঙ্গা, পোঃ-বাসুদেবপুর, উপজেলা-গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd